অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইয়োঙ্কার্সে 113 ইউনিট সাশ্রয়ী এবং সমর্থক হাউজিং ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

সামিট অন হাডসন ইয়োঙ্কার্স মেট্রো-নর্থ রেল স্টেশনের কাছের জরাজীর্ণ ভবনকে প্রতিস্থাপিত করে

গৃহহীনতায় ভুগতে থাকা মানুষের জন্য সমর্থক সেবাসহ 45টি অ্যাপার্টমেন্ট রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ইয়োঙ্কার্স সিটিতে সামিট অন হাডসনের (Summit on Hudson) কাজ শেষ হয়েছে, এটি 113টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্টসহ একটি নতুন, সম্পূর্ণ বৈদ্যুতিক ডেভেলপমেন্ট যেখানে গৃহহীনতায় ভুগতে থাকা মানুষের জন্য সমর্থক সেবাসহ 45টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত আছে। নতুন ছয়তলা ভবনটি মেট্রো-নর্থ রেলরোডের (Metro-North Railroad) ইয়োঙ্কার্স স্টেশন থেকে অর্ধমাইল দূরে সুবিধাজনক অবস্থানে অবস্থিত।

"সামিট অন হাডসনের কাজ শেষ হওয়ার মাধ্যমে এটি সমৃদ্ধ এই শহরে একটি সেকেলে, অব্যবহৃত ভবনকে 113টি অতি প্রয়োজনীয় অ্যাপার্টমেন্ট দ্বারা প্রতিস্থাপিত করে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের সম্প্রদায়ে সাশ্রয়ী, আধুনিক বাসা নিয়ে আসে এমন, বিশেষ করে গৃহহীনতায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীর জন্য অনসাইট সমর্থন সেবা প্রদান করতে পারবে এমন ধরনের ডেভেলপমেন্টে বিনিয়োগ করা আমার প্রশাসন অব্যাহত রেখেছে।"

গত পাঁচ বছরে নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) ওয়েস্টচেস্টার কাউন্টিতে 4,500 এর বেশি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। সামিট অন হাডসন এই প্রচেষ্টা অব্যাহত রেখেছে এবং এটি হলো গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের বড় পরিসরের আবাসন পরিকল্পনার একটি অংশ যেটি 10,000 প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সহ 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি নিউ ইয়র্ক জুড়ে তৈরি বা সংরক্ষণ করবে।

সামিট অন হাডসনের সকল অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ বা তার কম উপার্জন করা ব্যক্তির ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে। গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের জন্য পঁয়তাল্লিশটি অ্যাপার্টমেন্ট পৃথক করে রাখা হয়েছে যারা এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive

Housing Initiative) অর্থায়িত এবং নিউ ইয়র্ক স্টেট মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) পরিচালিত অনসাইট সমর্থন সেবা পাওয়ার সুযোগও পাবে।

সামিট অন হাডসন একটি সম্পূর্ণ বৈদ্যুতিক ডেভেলপমেন্ট যা এনার্জি স্টার মাল্টিফ্যামিলি নতুন নির্মাণ কর্মসূচির (Energy Star Multifamily New Construction Program) মানদণ্ড মান্য করার জন্য নকশা করা হয়েছে। ডেভেলপমেন্টটি 2021 সালে নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) থেকে বিল্ডিংস অফ এক্সিলেন্স (Buildings of Excellence) পুরস্কার পেয়েছে, এটি এমন স্থিতিস্থাপক জলবায়ুবান্ধব বহু পরিবারের ভবনের নকশা, নির্মাণ, ও পরিচালনাকে সমর্থন করে যা বাসিন্দা ও নিজেদের সম্প্রদায়ের জন্য আরো স্বাস্থ্যকর হয়। এছাড়াও এখানে রয়েছে অনসাইট সৌর অ্যারে, বৈদ্যুতিক যানবাহন চার্জিং স্টেশন, এবং একটি উচ্চ ইন্স্যুলেটেড এনভেলপ। বাসিন্দাদের কাছে অনেক ধরনের সুযোগ সুবিধা থাকবে, যেমন একটি উঠান, একটি শিশুদের বিনোদন কক্ষ, এবং হাডসন নদী ও প্যালিসেডসের দৃশ্য দেখা যাওয়া একটি 6 তলার বারান্দা।

স্টেটের অর্থায়নের মধ্যে রয়েছে 26.4 মিলিয়ন মার্কিন ডলার নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low Income Housing Tax Credits) এবং নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল থেকে 3.3 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। NYSERDA প্রকল্পটিকে বিল্ডিংস অফ এক্সিলেন্স প্রতিযোগিতার মাধ্যমে 1 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে এবং এছাড়াও নতুন নির্মাণ - আবাসন কর্মসূচির (New Construction - Housing Program) মাধ্যমে 465,700 মার্কিন ডলার এবং NY সান কর্মসূচির মাধ্যমে 165,288 মার্কিন ডলার প্রদান করছে। ইয়োঙ্কার্স সিটি 600,000 মার্কিন ডলার HOME তহবিল প্রদান করছে। নির্মাতা এবং সমর্থক সেবা প্রদানকারী হলো ওয়েস্টহ্যাব।

HCR এর কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "নতুন এই ডেভেলপমেন্টটি ইয়োঙ্কার্সে আমাদের সাম্প্রতিক কাজের অনুবর্তী এবং এটি এই সমৃদ্ধ শহরে 100টির বেশি আধুনিক অ্যাপার্টমেন্ট যোগ করছে যা গণপরিবহনের নিকটে সুবিধাজনক অবস্থানে অবস্থিত। যেখানে প্রয়োজন সর্বাধিক সেখানে এবং সমৃদ্ধির জন্য সমর্থক সেবা প্রয়োজন এমন দুর্বল জনগোষ্ঠীর জন্য সাশ্রয়ী আবাসনের সুযোগ তৈরিতে গভর্নর হোকলের মনোযোগের ক্ষেত্রে সামিট অন হাডসন উদাহরণস্বরূপ। আজকের দিনটি সম্ভব করার জন্য আমাদের অংশীদারদের নিরলস কাজের জন্য আমরা তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "জলবায়ু স্থিতিস্থাপক ভবন নকশা ও নির্মাণ, সৌর শক্তি এবং শক্তিদক্ষতাসম্পন্ন ইয়োঙ্কার্সের সামিট ও হাডসনের সাশ্রয়ী, সমর্থক আবাসনে বিনিয়োগ করতে পেরে NYSERDA গর্বিত। বাসিন্দারা আধুনিক, আরামদায়ক বসবাসের স্থান দ্বারা লাভবান হবে যা স্থানীয় সেবার জন্য সুবিধাজনক অবস্থানে অবস্থিত এবং এর অপেক্ষাকৃত কম পরিচালনা ও শক্তি ব্যয় রয়েছে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "যে ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিটকে সুরক্ষিত রাখতে ও সম্প্রসারিত করতে আমি পরিশ্রম করেছি তা যে ইয়োঙ্কার্সের সামিট অন হাডসন সম্পূর্ণ করতে সাহায্য করেছে, একটি জরাজীর্ণ ভবনকে একটি সাশ্রয়ী, সম্পূর্ণ বৈদ্যুতিক হাউজিং ডেভেলপমেন্টে রূপান্তরিত করেছে তার জন্য আমি গর্বিত। আবাসনের উচ্চ মূল্য মুদ্রাস্ফীতির একটি মুখ্য চালক তাই এইসব উচ্চ মূল্য হ্রাস করতে কর্মজীবী মানুষের জন্য আমাদেরকে অবশ্যই আরো আবাসন নির্মাণ করতে হবে। ওয়েস্টচেস্টার কাউন্টি এবং পুরো নিউ ইয়র্কে সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে গভর্নর হোকলের কাজের আমি প্রশংসা করছি, এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর কাছে যাতে আবাসন পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে ফেডারেল সংস্থান প্রদান করার জন্য আমি কাজ অব্যাহত রাখবো।"

স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "আমাদের সম্প্রদায়ে সাশ্রয়ী আবাসন সরবরাহ বৃদ্ধি করা এবং একই সাথে গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের জন্য অতি প্রয়োজনীয় আবাসন প্রদান করার ক্ষেত্রে আজকে আরেকটি অগ্রগামী ধাপ গ্রহণ করা হয়েছে। সামিট অন হাডসনে মোট 113টি ইউনিট থাকবে এবং এর মধ্যে কিছু ইউনিট গৃহহীন পরিবার, এবং গৃহহীন তরুণ প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত থাকবে। এছাড়াও অত্যাধুনিক সবুজ প্রযুক্তি দ্বারা আবাসন নির্মাণ হলো আমাদের সম্প্রদায় এবং আবাসনের টেকসই দশায় একটি বিনিয়োগ, এবং এটি সাশ্রয়ী আবাসনের জন্য এমন একটি ভবিষ্যতের প্রচার করে যা মানসম্পন্ন এবং টেকসই হবে।"

স্টেটের সিনেটর শেলি বি মায়ার বলেন, "ইয়োঙ্কার্স সিটিতে 113টি নতুন সাশ্রয়ী আবাসন ইউনিটের কাজ শেষ হতে দেখে আমি অত্যন্ত আনন্দিত, এর মধ্যে গৃহহীনতায় ভুগতে থাকা ব্যক্তিদের জন্য 45টি ইউনিট নির্ধারিত থাকবে। স্টেটের ক্রয়ক্ষমতার সঙ্কট সমাধানে এবং আমাদের প্রতিবেশীদেরকে তাদের প্রয়োজনীয় সমর্থন প্রদান করার জন্য দৃঢ় অংশীদারিত্ব অব্যাহত রাখা অতি গুরুত্বপূর্ণ। ওয়েস্টচেস্টার কাউন্টিতে সাশ্রয়ী, সম্পূর্ণ বৈদ্যুতিক আবাসন এবং একই সাথে আমাদের সম্প্রদায়ে সমর্থক সেবা নিয়ে আসার ব্যাপারে গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল নিবেদনের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। এছাড়াও ওয়েস্টহ্যাবের নেতৃত্বের জন্য তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ন্যাডার সায়েঘ বলেন, "আমাদের সম্প্রদায়ে সাশ্রয়ী আবাসনের এতো প্রয়োজন আগে কখনো ছিলো না, তাই ইয়োঙ্কার্সে আমাদের যা প্রয়োজন সামিট অন হাডসন ঠিক তাই। এটি সম্ভব করা সকল স্টেকহোল্ডারদের আমি প্রশংসা করছি এবং আমাদের সম্প্রদায়ে সামিট ও হাডসনের মতো স্মার্ট ডেভেলপমেন্ট হওয়া অব্যাহত রাখার জন্য উন্মুখ।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "ইয়োঙ্কার্সে সামিট অন হাডসনের ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্ব এবং ভিশনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই। ডেভেলপমেন্টটি 113 ইউনিট সাশ্রয়ী আবাসন প্রদান করবে, সেই সাথে পূর্বে গৃহহীন থাকা ব্যক্তিদের জন্য সাইটেই প্রদত্ত অতি গুরুত্বপূর্ণ সমর্থক সেবাসহ 45 ইউনিট সমর্থক আবাসন থাকবে। সামিট অন হাডসনের মতো ওয়েস্টহ্যাব সম্পত্তির ভাড়াটিয়াদের উপর এর ইতিবাচক প্রভাব বলে শেষ করা যাবে না। এইসব ইউনিটকে বাসা বলবে যেই বাসিন্দারা তারা অত্যাধুনিক সুযোগসুবিধাসহ আকর্ষণীয়, নতুন অ্যাপার্টমেন্টে বাস করতে পারবে, যেখানে তাদেরকে সাফল্য অর্জনের অবস্থানে স্থাপন করার সমর্থক সেবা রয়েছে।"

ইয়োঙ্কার্সের মেয়র মাইক স্প্যানো বলেন, "এই সুন্দর নতুন হাউজিং ডেভেলপমেন্টের শুভ উদ্বোধন হলো কীভাবে ইয়োঙ্কার্স সিটি এবং ওয়েস্টহ্যাব এবং নিউ ইয়র্ক স্টেটের মতো অংশীদারগণ একত্রে সাশ্রয়ী, মানসম্পন্নভাবে নির্মিত আবাসন দ্বারা আমাদের সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করছে তার আরো একটি উদাহরণ। নতুন বাসিন্দা, পরিবারকে স্বাগত জানানোর জন্য এবং এখানে সমৃদ্ধি করা ও নিজেদের শেকড় স্থাপন করার সুযোগ প্রদান করতে আমরা উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন